

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

(মূল্য সংযোজন কর)



বিশেষ আদেশ নং- ৪৭/মুসক/২০২৪ / ৬২২

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ।
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” এর কার্যক্রমকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান এবং উক্ত ফাউন্ডেশনের সকল প্রকার ক্রয়ের ক্ষেত্রে যোগানদার সেবাকে উৎসে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান।

যেহেতু, “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিল থেকে প্রাপ্ত অনুদান এবং দেশ/বিদেশের বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের দান/অনুদানের মাধ্যমে পরিচালিত হইবে; এবং

যেহেতু, “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” একটি অলাভজনক ও সেবা ধর্মী প্রতিষ্ঠান;

সেহেতু, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, “জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন” এর কার্যক্রমকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করিল এবং উক্ত ফাউন্ডেশনের সকল প্রকার ক্রয়ের ক্ষেত্রে যোগানদার সেবাকে উৎসে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোঃ মশিউর রহমান, এসিএমএ]
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

(তঁাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৬৩.১৪ / ৬২২

তারিখঃ ০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৩। সদস্য (মুসক নীতি)/(মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৭-২০। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ২১। মহাপরিচালক, মুসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।
- ২২-৩০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।
- ২৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন, ১১৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

[ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী]
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)